



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ  
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১১৯/২২

তারিখঃ ১৬ই আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
১লা অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক পুলিশ হেফাজত থেকে পালানো যাবজ্জীবন সাজাপ্রাপ্ত (মাদকসম্প্রাট) পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ০১/১০/২০২২ খ্রি. সকাল ০৯.৩০ ঘটিকায় ঢাকা জেলার সাভার থানাধীন হেমায়েতপুর মোল্লাবাড়ী এলাকায় অভিযান পরিচালনা করে পুলিশ হেফাজত থেকে পালানো যাবজ্জীবন সাজাপ্রাপ্ত (মাদকসম্প্রাট) পলাতক আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- মোঃ মোজাম্মেল হক @ ভুলু (৪৫), পিতা- মৃত মাহবুব হোসেন, গ্রাম-রত্নাই(চিলাভিটা), থানা- বালিয়াডাঙ্গা, জেলা- ঠাকুরগাঁও।

আসামী মোঃ মোজাম্মেল হক @ ভুলু ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-৪৮(৪)২২ এর আসামী হওয়ায় তাকে ২৬/০৬/২০২২ খ্রি. তারিখে জেলা কারাগার ঠাকুরগাঁও থেকে ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জ নেওয়ার পথে বগুড়া জেলার শাহজাহানপুর থানাধীন রহিমাবাদ বি ব্লক নামক স্থানে রাত্রি আনুমানিক ২.৪৫ ঘটিকায় পুলিশ হেফাজত থেকে পালিয়ে যায়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে বগুড়া জেলার শাহজাহানপুর থানার মামলা নং-৩৪/২০২, তাং-২৮/০৬/২০২২ খ্রি. ধারা-২২৪ পেনাল কোড রুজু হয়।

উল্লেখ্য যে, উক্ত আসামীর বিরুদ্ধে ঠাকুরগাঁও সদর থানার মামলা নং ০১, তাং-০১/০৩/২০২০ খ্রি. ধারা-মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) এর টেবিলের ১৪(গ) ধারার অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয়। ধৃত আসামী ভুলুর অতীত কর্মকাণ্ডের ইতিহাস পর্যালোচনা করে তার বিরুদ্ধে বগুড়া শিবগঞ্জ থানার মামলা নং-৩৯, তাং-২৩/০৮/২০১৬, ঠাকুরগাঁও বালিয়াডাঙ্গি থানার মামলা নং-১৪, তাং-২৩/০১/২০২১, ঠাকুরগাঁও বালিয়াডাঙ্গি থানার মামলা নং-০৫, তাং-০৬/০৫/২০২১, খ্রি. সহ মোট ০৬ টি মামলার রেকর্ড পাওয়া যায়। দুর্ধর্ষ মাদকসম্প্রাট মোজাম্মেল হক @ ভুলু কারাবাস থেকে বাচাঁর জন্য কৌশলে পুলিশ হেফাজত থেকে পালিয়ে বাচাঁর চেষ্টা করলেও শেষ পর্যন্ত এটিইউ এর জালে ধরা পড়ে।

গ্রেফতারকৃত আসামী মোজাম্মেল হক @ ভুলুর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

*Atu*

০১/১০/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)